

আপনার শিশুকে তার জীবন ভালভাবে শুরু করতে সাহায্য করুন।



বিকাশের পর্যবেক্ষণ এবং আর্লি ইন্টারভেনশন সম্পর্কে আরো জানুন।

আপনার ডাক্তারের সঙ্গে কথা বলুন, **311** এ কল করুন
এবং বিকাশের পর্যবেক্ষণ ও আর্লি ইন্টারভেনশন সম্পর্কে
জিজ্ঞাসা করুন অথবা nyc.gov/health/earlyint
ওয়েবসাইট দেখুন।

বিকাশের পর্যবেক্ষণ ও আর্লি ইন্টারভেনশন পরিষেবা গোপনীয়
এবং * আয় ও অভিবাসন স্থিতি নির্বিশেষে, পরিবারবর্গের জন্য
বিনামূল্যের।

*যদি আপনার Medicaid সহ স্বাস্থ্য বিমা থাকে, তাহলে আপনার কোনও প্রত্যক্ষ খরচ ছাড়া এটি
আপনার আর্লি ইন্টারভেনশনের পরিষেবার খরচ প্রদানের জন্য ব্যবহৃত হবে।



নিউইয়র্ক শহরের বিকাশের পর্যবেক্ষণ

বা বিকলাঙ্গ শিশু ও হামাগুঁড়ি দিতে শিখেছে এমন
শিশুদের জন্য



আমার
শিশু
কেমন
আছে?



শিশু ও হামাগুঁড়ি দিতে শিখেছে এমন শিশুরা বিভিন্ন ভাবে শেখে এবং বড় হয়ে ওঠে। কোনো শিশুর কথা দেরিতে বেরোতে পারে। কোনো শিশু তাড়াতাড়ি হাঁটা শিখতে পারে।

পিতামাতাদেরকে এইসব ভিন্নতা নিয়ে কোনো উদ্বেগ প্রকাশের প্রয়োজন নেই। কিন্তু কিছু শিশু **বিকাশের পর্যবেক্ষণ**, থেকে উপকৃত হতে পারে, একটি প্রোগ্রাম আপনার শিশু কিভাবে বেড়ে উঠছে এবং তাঁদের কতটা অগ্রগতি হচ্ছে তা দেখতে ডিজাইন করা হয়েছে।

আপনার ডাক্তার, সমাজকর্মী ও ডেকেয়ার সেন্টার আমাদেরকে আপনার সঙ্গে যোগাযোগ করতে বলতে পারে। এটি গুরুত্বপূর্ণ কারণ, গবেষণায় দেখা গেছে যে যখন শিশুরা বিলম্বিত বিকাশের জন্য সহায়তা পেয়েছে, তার ফলাফল তত ভালো হওয়ার সম্ভাবনা রয়েছে।

যদি আপনার শিশুর বয়স 3 বছরের কম হয় ও এই ধরনের বিষয়গুলো থাকলে আপনার শিশু বিকাশ পর্যবেক্ষণের থেকে সুবিধা পেতে পারে:

- ⊗ শিশু তার জন্মের 33 সপ্তাহ আগে জন্মেছে
- ⊗ 10 দিনের বেশী শিশুকে নবজাতক নিবিড় পরিচর্যা কেন্দ্রে রাখা হয়েছিল
- ⊗ জন্মের সময় ওজন 4 পাউন্ডের কম ছিল
- ⊗ তার প্রধান পরীক্ষার ফলাফল খুব ঝুঁকিপূর্ণ ছিল
- ⊗ নবজাতকের প্রাথমিক শ্রবণ পরীক্ষা করা হয়নি বা উত্তীর্ণ হয়নি
- ⊗ গৃহহীনতা বা গৃহ-সহিংসতা দ্বারা ক্ষতিগ্রস্ত হয়েছে
- ⊗ একজন কিশোরী মা হলে
- ⊗ আপনি শিশুর জন্মপূর্ব পরিচর্যা পাননি

আমরা আপনার সমস্যাগুলি শুনব এবং আপনার শিশুর বিকাশ ঠিক মতো হচ্ছে কিনা তা খেয়াল রাখার জন্য আপনার সঙ্গে নিবিড়ভাবে কাজ করব।

আপনার শিশুর তৃতীয় জন্মদিনের কিছু মাস আগে পর্যন্ত, আপনার শিশু কেমন আছে সে সম্বন্ধে কিছু সহজ প্রশ্ন আপনাকে ডাকযোগে পাঠাব:

- ⊗ শিশু কি চায় তা আপনাকে জানাতে পারে কিনা
- ⊗ শরীর কিভাবে নড়াচড়া করছে
- ⊗ হাত ও আঙুল কিভাবে ব্যবহার করছে
- ⊗ কিভাবে সমস্যার সমাধান করছে
- ⊗ একা বা অন্যদের সঙ্গে কিভাবে খেলছে

আমরা আপনার উত্তর পর্যালোচনা করব এবং আপনার শিশু কেমন উন্নতি করছে তা আপনাকে জানাব।

যদি আপনার শিশু সব ঠিকঠাক করে, তাহলে আমরা তার বিকাশ পর্যবেক্ষণ করতে থাকব। যদি ফলাফলে দেখা যায় যে আপনার শিশুর বিকাশ বিলম্বের ঝুঁকি থাকতে পারে, তাহলে আপনার শিশুর জন্য যে পরিষেবা প্রয়োজন আমরা আর্লি ইন্টারভেনশন মূল্যায়নের মাধ্যমে তা পেতে আপনাকে সাহায্য করতে পারি।

আপনার শিশুর বিকাশ সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে আপনি যে কোনো সময়ে আমাদের কল করতে পারেন।

